# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-03-25** **Time: 7-50 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) রাজ্য জুড়ে আজ দোলযাত্রা ও রং-এর উৎসব হোলি উদযাপিত হচ্ছে। দোল পূর্ণিমা ও শ্রী চৈতন্য দেবের আবির্ভাব তিথি উপলক্ষে মন্দিরগুলিতে আয়োজন করা হয়েছে বিশেষ পুজো পাঠের।

২) দোলের দিনই নদীয়ার চাপড়ায় এক পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে সাত জনের। আহত আরও দুজন। দোলের পর স্নান করতে নেমে জলে ডুবে দুই জেলায় চারজনের মৃত্যু।

৩) কৃষক দিবসে আজ নন্দীগ্রামে, শহীদদের প্রতি স্মৃতি তর্পন করতে তৃণমূল কংগ্রেস ও বিজেপির পক্ষ থেকে পৃথক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৪) উত্তর ২৪ পরগণার টিটাগড়ে আজ দুষ্কৃতীদের ছুরিকাঘাতে এক যুবক খুন। গ্রেপ্তার একজন।

৫) ভবানীপুর এফসি আইএফএ ফুটবল ক্লাব চ্যাম্পিয়নশিপে সেরার খেতাব জিতেছে।

---

রাজ্য জুড়ে আজ রং-এর উৎসব হোলি এবং দোলযাত্রা বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে। পাড়ায় পাড়ায় রঙের উৎসবে মেতে ওঠেন আবালবৃদ্ধবণিতা।

(ভিসি- অভিজিত)

দোল পূর্ণিমায় শ্রীচৈতন্যদেবের আবির্ভাব উপলক্ষে নবদ্বীপ ধামে মহাসমারোহে পালিত হয় দোল উৎসব। নদীয়ার শান্তিপুর, মায়াপুর, কলকাতার ইসকন সহ অন্য মন্দিরগুলিতেও বিপুল উৎসাহ উদ্দীপনায় পালিত হয় দোলযাত্রা। নদীয়া থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

বেলুড় মঠে রঙের উৎসব পালিত হচ্ছে। মঠের সন্ন্যাসী মহারাজ, ব্রহ্মচারীরা, বাজিয়ে নাম সংকীর্তন করতে করতে মঠ প্রদক্ষিণ করেন। গৌড়ীয় মঠের উদ্যোগে ধর্মীয় আচার অনুষ্ঠান, নাম সংকীর্তন, নগর সংকীর্তনের আয়োজন করা হয়েছে।

চার শতাব্দীর বেশি পুরোনো অতীত ঐতিহ্যে ভাস্বর মুর্শিদাবাদের কুমারপুর শ্রীপাটের রাধামাধব মন্দিরে আজ শ্রীচৈতন্যদেবের আবির্ভাব তিথি উপলক্ষে আয়োজন করা হয় মহোৎসবের। সকালে মঙ্গলারতি, তুলসীপুজন ছাড়াও দুপুর থেকে দোল উৎসবে

মিলিত হন সম্প্রদায় নির্বিশেষে মানুষ। উল্লেখ্য চার শতাব্দী আগে এই মন্দির প্রতিষ্ঠা করেন বৈষ্ণব প্রচারক শ্রী জীব গোস্বামীর অনুসারীরা।

দোল যাত্রা উপলক্ষ্যে সেজে উঠেছে কোচবিহারের মদন মোহন মন্দির। সকাল থেকেই সেখানে ভক্তদের ভিড়। মদনমোহন দেবকে পুজো দিয়ে দোল উৎসবে মেতেছেন কোচবিহারের মানুষ।

বর্ধমানে বাসিন্দারা আজ লক্ষ্মী নারায়ণ জিউ ও অন্য দেবতার উদ্দেশ্যে আবীর নিবেদন করে আগামীকাল রঙয়ের উৎসবে মাতবেন। রাজ আমল থেকে চলে আসা এই নিয়ম আজও প্রচলিত।

এদিকে, অন্য এক বসন্ত উৎসব পালিত হল পশ্চিম বর্ধমানের বার্ণপুরের হারামডি রাঙাপাড়া আদিবাসী এলাকায়। আদিবাসীদের মতে এটি হল বসন্তের বাহাপরব। এখানে দোল বা বসন্ত উৎসবে কোনো রঙের ব্যববহার হয়না। প্রকৃতি পুজারী আদিবাসীরা প্রাকৃতির উপাদানে বিশ্বাসী। তাই তাঁরা পরস্পরকে জল দিয়ে বসন্তোৎসব পালন করেন। প্রথা মেনে একে অপরের মাথায় জল ঢেলে বসন্ত উৎসব পালন করেন। আগের দিন গাছের গোড়ায় জল দিয়ে পুজো দেন।

জওয়ানদের মনোবল চাঙ্গা করতে মুর্শিদাবাদের ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তেই রঙ খেলেন বিএসএফের মুর্শিদাবাদেরর বহরমপুর সেক্টরের ৭৩ নং

ব্যাটেলিয়নের বিএসএফ জওয়ান ও আধিকারিকেরা। বিএসএফের দক্ষিণ বঙ্গের বহরমপুর সেক্টরের ডি আই জি অনিল কুমার সিনহা,ও অন্য কর্তারা সামিল হন এই রঙের উৎসবে। ব্যাটেলিয়নের জওয়ানরা পান্ডব বর্জিত ধূ ধূ সীমান্তেই আয়োজন করে এই দোলযাত্রার। সেখানে পুরুষ ও মহিলা জওয়ানরা রঙীন আবীর গুলাল নিয়ে মেতে ওঠেন উৎসবে।

---------------------------

রাজ্য সরকার, দোল উৎসবে ঐক্য ও সম্প্রীতি বজায় রাখায় আবেদন জানিয়েছে। নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গতকাল **মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জি, চলতি রমজান মাসের মধ্যে দোল ও হোলি উপলক্ষ্যে যাতে কোথাও কোনো অশান্তির পরিবেশ সৃষ্টি না হয়, তা' সুনিশ্চিত করার জন্য মন্ত্রিসভার সব সদস্যদের সতর্ক করে দেন।

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, হিংসা, দ্বেষ, বিভাজন সবকিছুর উর্ধ্বে এই দোল উৎসব। একে ঘিরে যাতে কোনো সংকীর্নাতর পরিবেশ তৈরি না হয়, তা দেখার জন্য সকলের প্রতি আর্জি জানিয়েছেন তিনি।

বাইট

এদিকে দোলের দিন বিশৃঙ্খল আচরণের জন্য কলকতা পুলিশ ১৬১ জনকে গ্রেপেতার করেছে। প্রায় ৩৪ লিটার বেআইনী মদ বাজেয়াপ্ত করেছে।

---------------------------

মুর্শিদাবাদের রানীনগরে আজ পুকুরে স্নান করতে নেমে জলে ডুবে দুই নাবালকের মৃত্যু হয়েছে। জানা গেছে, রানীনগরের রামচন্দ্র পুরের বাসিন্দা  বছর ১২ র মুস্তফা মন্ডল ও তামিম মন্ডল, তাদের সঙ্গীদের নিয়ে  আজ দুপুরে এলাকারই এক পুকুরে স্নান করতে নামে। সাতার না জানায় গভীর জলে তলিয়ে  গেলে দুজনেই ডুবে যায়। সঙ্গীরা চিৎকার করে এলাকাবাসীকে ডেকে আনে। তারাই পুকুর থেকে অচেতন দুই নাবালকের দেহ উদ্ধার করে। পরে স্থানীয় গ্রামীন চিকিৎসক তাদের মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে হাওড়া শিবপুর ঘাটে আজ দোল খেলার পর বন্ধুদের সঙ্গে গঙ্গায় স্নান করতে নেমে এক যুবক গঙ্গায় তলিয়ে যায়। তার নাম অতিস চৌধুরী বলে পুলিশ জানিয়েছে। ডুবুরি নামিয়ে বেশ কিছুক্ষণ তল্লাশি চালালেও তার খোঁজ মেলেনি।

অন্যদিকে হাওড়ায় বন্ধুদের সঙ্গে রং খেলার পর পুকুরে স্নান করতে গিয়ে আর এক যুবকের মৃত্যু হয়েছে। বালটিকুরির বাসিন্দা অরিজিত্ মেটে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী।

দীর্ঘ খোঁজাখুজির পর তার দেহ উদ্ধার হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

--------------------------

কৃষক দিবসে আজ নন্দীগ্রামে শহীদদের প্রতি স্মৃতি তর্পন করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় তিনি বলেন, সারা বছর কৃষকরা অক্লান্ত পরিশ্রম করে সকলের মুখে অন্ন তুলে দেন। তাদের এই অক্লান্ত পরিশ্রমকে তিনি কুর্নিশ জানিয়েছেন। তাঁর সরকার কৃষকদের কল্যাণে কৃষক বন্ধু প্রকল্প, মৃত্যুজনিত সহায়তা, বাংলার শস্যবীমা প্রকল্প চালু, শস্যাবিমা প্রিমিয়ামের সম্পূর্ণ খরচ বহন, কিষাণমান্ডি চালু করা সহ বিভিন্ন উদ্যোগ নিয়েছে। আগামী দিনেও তার সরকার এই ভাবে কৃষকদের পাশে থাকবে বলে তিনি আশ্বাস দিয়েছেন।

গোকুলনগরে আজ তৃণমূল কংগ্রেসের জমি রক্ষা কমিটির সদস্যরা এক অনুষ্ঠানে শহীদদের স্মৃতি তর্পণ করেন।

এর আগে গোকুলনগরেই বিজেপির পক্ষ থেকে আজ নন্দীগ্রামে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শুভেন্দু অধিকারী বলেন ন্দীগ্রাম আন্দোলনের সুফল ভোগ করছে শাসকদল। অথচ শহীদ পরিবারগুলি আজও যোগ্য সম্মান পাননি। এই আন্দোলনের সঙ্গে জড়িতদের দলমত

নির্বিশেষে রাজনীতির উর্ধ্বে উঠে কৃষকদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানান তিনি।

উল্লেখ্য, ২০০৭-এর ১৪ ই মার্চ নন্দীগ্রামের ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির নেতৃত্বে জমি রোখো আন্দোলনের সময় পুলিশের গুলিতে ১৪ জন গ্রামবাসীর মৃত্যু হয় বলে অভিযোগ। সেই শহীদদের স্মরণে প্রতি বছর এই দিনটিতে নন্দীগ্রাম দিবস পালন করা হয়।

---------------------------

উত্তর ২৪ পরগণার টিটাগড়ে আজ এক যুবককে কুপিয়ে খুনের ঘটনায় উত্তেজনা ছড়ায়। পুলিশ জানিয়েছে, মৃত আকাশ ব্যক্তির নাম আকাশ চৌধুরী। তিনি স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী ছিলেন। পুরনো শত্রুতার জেরে রং খেলার অছিলায় তাকে কুপিয়ে খুন করা হয় বলে অভিযোগ। এই ঘটনায় পুলিশ পবন রাজভর নামে এক যুবককে গ্রেপ্তার করেছে। কানাই সাউ নামে আরও একজন পলাতক। তার খোঁজে তল্লাশি চলেছে। অভিযুক্তরা তৃণমূল কংগ্রেস কর্মী বলে জানা গেছে।

---------------------------

সদ্য  সমাপ্ত আইএফএ ফুটবল ক্লাব চ্যাম্পিয়নশিপে সেরার খেতাব জিতেছে ভবানীপুর এফসি। এবার তারা জাতীয় স্তরের ফুটবল  টুর্নামেন্টে বাংলার প্রতিনিধিত্ব করবে। গতকাল আইএফএ  কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

এদিকে  অবনমনের আওতায় পড়ে প্রিমিয়ার ডিভিশন থেকে প্রথম ডিভিশনে নেমে গেল ইস্টার্ন রেলওয়ে স্পোর্টস ক্লাব ও টালিগঞ্জ অগ্রগামী।  আইএফএ প্রিমিয়ার ও প্রথম ডিভিশন লিগ কমিটির সভায় প্রিমিয়ারের রেলিগেশন রাউন্ডের লিগ টেবিল অনুমোদিত হয়। এই সভায় লিগ কমিটির সদস্যরা ছাড়াও উপস্থিত ছিলেন আইএফএ সভাপতি অজিত বন্দোপাধ্যায়, সচিব অনির্বাণ দত্ত।

-------------------------- --------------------------